গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
আঞ্চলিক তথ্য অফিস, ময়মনসিংহ
সংবাদকক্ষ ঃ ০২-৯৯৬৬৬১৩৭০ E-mail- pidmymensingh@gmail.com, Facebook: Pid Mymensingh

# সংবাদ গতিধারা

**স্থানীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ,
গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা-১২৩/২০২৩-২০২৪**

**ময়মনসিংহ, ০১ এপ্রিল, সোমবার ২০২৪, ১৮ চৈত্র ১৪৩০**

**আজকের স্থানীয় দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে:**

০১। আর্থ-সামাজিক উন্নয়নে এডিবির আরো সহায়তা চেয়েছেন প্রধানমন্ত্রী

০২। অভিযোগ আমলে না নিলে প্রয়োজনে ফেসবুক-ইউটিউব বন্ধ

০৩। ৯৬ হাজারের বেশি শিক্ষক নিয়োগের গণবিজ্ঞপ্তি; আবেদন শুরু ১৭ এপ্রিল

০৪। ঈদের আগে ছুটির দিনেও খোলা থাকবে ব্যাংক

০৫। জ্বালানি তেলের দাম আরো কমলো

## ০১। আর্থ-সামাজিক উন্নয়নে এডিবির আরো সহায়তা চেয়েছেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জনগণের আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশের প্রচেষ্টা ত্বরান্বিত করতে এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) কাছে আরো জোরালো সমর্থন চেয়েছেন। যাঁবের ভাইস প্রেসিডেন্ট (সেক্টর এন্ড থিম) ফাতিমা ইয়াসমিন রবিবার (৩১ মার্চ) গণভবনে প্রধানমন্ত্রীর সাথে সাক্ষাৎ করতে গেলে তিনি এই সমর্থন কামনা করেন। প্রধানমন্ত্রী জলবায়ু পরিবর্তন, অভিযোজন, কৃষি, নদী-খনন ও পুনরুদ্ধারের মতো খাতে এডিবির সহায়তা চেয়েছেন। তিনি এডিবির ভাইস প্রেসিডেন্টকে আরো জনকেন্দ্রিক প্রকল্প গ্রহণের আহ্বান জানান, যাতে করে বিপুল সংখ্যক মানুষ উপকৃত হতে পারে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন ও দৈনিক নিউ টাইমস।

## ০২। অভিযোগ আমলে না নিলে প্রয়োজনে ফেসবুক-ইউটিউব বন্ধ

সরকারের অভিযোগ আমলে না নিলে ফেসবুক, ইউটিউবসহ সামাজিক যোগাযোগমাধ্যমগুলো প্রয়োজনে বন্ধ করে দেয়া হবে বলে সিদ্ধান্ত নিয়েছে আইন-শৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। রবিবার (৩১ মার্চ) সচিবালয়ে আইনশৃঙ্খলা সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় এই সিদ্ধান্ত হয়। সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি ও মুক্তিযুদ্ধ বিষয়কমন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। সভা শেষে কমিটির সভাপতি সাংবাদিকদের সভার সিদ্ধান্ত জানান। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

## ০৩। ৯৬ হাজারের বেশি শিক্ষক নিয়োগের গণবিজ্ঞপ্তি; আবেদন শুরু ১৭ এপ্রিল

বেসরকারি এমপিওভুক্ত শিক্ষাপ্রতিষ্ঠানে ৯৬ হাজার ৭৩৬টি পদে শিক্ষক নিয়োগে গণবিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। রবিবার (৩১ মার্চ) বিকেলে বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) এ গণবিজ্ঞপ্তি প্রকাশ করে। প্রকাশিত বিজ্ঞপ্তি অনুযায়ী, স্কুল ও কলেজে পদ সংখ্যা ৪৩ হাজার ২৮৬টি এবং মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানে ৫৩ হাজার ৪৫০টি পদে শিক্ষক নিয়োগ দেয়া হবে। ৫ম নিয়োগ বিজ্ঞপ্তির আওতায় এসব শূন্য পদসমূহে আবেদনের সময়সীমাও জানিয়েছে প্রতিষ্ঠানটি। প্রার্থীরা আগামী ১৭ এপ্রিল থেকে অনলাইনে আবেদনের সুযোগ পাবেন। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস, দৈনিক সবুজ ও দৈনিক নিউ টাইমস।

## ০৪। ঈদের আগে ছুটির দিনেও খোলা থাকবে ব্যাংক

শিল্প এলাকায় শ্রমিক-কর্মচারীদের বেতন-বোনাসসহ অন্য ভাতা পরিশোধ ও রপ্তানি বিল বিক্রয়ের সুবিধার্থে ঈদের আগে তিনদিন সীমিত পরিসরে কিছু এলাকার ব্যাংক খোলা থাকবে বলে জানিয়েছে বাংলাদেশ ব্যাংক। রবিবার (৩১ মার্চ) বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফসাইট সুপারভিশন (ডিওএস) এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। এতে জানানো হয়, সংশ্লিষ্ট শিল্প এলাকার বেতন-বোনাসসহ অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, ভালুকা, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখা ৫, ৬ ও ৭ এপ্রিল খোলা থাকবে। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ।

## ০৫। জ্বালানি তেলের দাম আরো কমলো

দেশের বাজারে আবারও জ্বালানি তেলের দাম কমানোর ঘোষণা দিয়েছে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়। নতুন ফর্মুলা অনুযায়ী নতুন এ দাম নির্ধারণ করা হয়েছে। বিশ্ব বাজারের সঙ্গে সমন্বয় করে জ্বালানি তেলের নতুন মূল্য নির্ধারণ করেছে জ্বালানি মন্ত্রণালয়। আজ সোমবার (০১ এপ্রিল) থেকে নতুন এ দাম কার্যকর হবে। রবিবার (৩১ মার্চ) জারি করা এক প্রজ্ঞাপনে জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় জানায়, ডিজেল ও কেরোসিনের দাম ০২ টাকা ২৫ পয়সা কমিয়ে লিটারপ্রতি দাম ১০৬ টাকা নির্ধারণ করা হয়েছে। তবে অপরিবর্তিত রয়েছে পেট্রোল ও অকটেনের দাম। সূত্র: দৈনিক স্বদেশ সংবাদ, দৈনিক স্বজন, দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস ও দৈনিক নিউ টাইমস।

## সম্পাদকীয়

**(ক)** **দৈনিক স্বদেশ সংবাদ ও দৈনিক স্বজন:** ঈদকে ঘিরে ক্রেতাদের কেনাকাটায় স্বস্তি এবং নিরাপত্তা দিতে মার্কেট ব্যবসায়ী সমিতির নেতারাও নানা উদ্যোগ নিয়েছেন। মার্কেটের নিজস্ব নিরাপত্তা ব্যবস্থা বাড়ানোর পাশাপাশি ক্রেতাদের নিরাপত্তায় মোতায়েন করা হয়েছে পুলিশের মনিটরিং টিম। যাতে ক্রেতারা স্বস্তিতে এবার মার্কেটে ঈদ কেনাকাটা করতে পারেন। তাই পকেটমার ছিনতাইকারী ও অজ্ঞান - মলম পার্টি প্রতিরোধে আইন-শৃঙ্খলা বাহিনীকে আরও তৎপর হতে হবে।

**(খ)** **দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস:** প্রতিদিন বিশ্বে না খেয়ে থাকছেন ৮০ কোটি মানুষ। পক্ষান্তরে, ১০০ কোটি টনের বেশি খাবার নষ্ট বা অপচয় করছেন মানুষই। থেকে শুরু করে ভোগের চূড়ান্ত পর্যায়ে খাদ্যের অপচয়ের পরিমাণ কমানো বেড়ে দেশের খাদ্য নিরাপত্তা ব্যবস্থা আরো শক্তিশালী হবে- এই প্রত্যাশা।

**(গ)** **দৈনিক নিউ টাইমস:** সরকারি হিসেবে ৪ হাজার ৭০০ টি নিবন্ধিত বাল্কহেডের কথা বলা হলেও সারাদেশে চলছে ১০ হাজারের বেশি বাল্কহেড। বাল্কহেডের ঢাকায় ধাক্কায় প্রায় ওই যাত্রীবাহী নওজান ডুবলেও কর্তৃপক্ষের ঘুম ভাঙছে না। অবৈধ বাল্কহেড চলাচল বন্ধে অভিযান চালিয়ে সুকানি ও শ্রমিককে আটক করার খবর গণমাধ্যমে আসে। কর্তৃপক্ষের উচিত লোক দেখানো অভিযানের পরিবর্তে দেশের নৌপথ প্রকৃত অর্থে ঝুঁকিমুক্ত করতে কার্যকর পদক্ষেপ নেওয়া।

## প্রবন্ধ/নিবন্ধ

০১। ফ্রিল্যান্সিং: অর্থনৈতিক সমৃদ্ধির নতুন মাধ্যম-মোঃ শামসুল হুদা। সূত্র: দৈনিক স্বজন।

০২। ভেজাল মুক্ত খাদ্যপ্রাপ্তি ও ক্রয়-বিক্রয় স্বচ্ছতা- মোহাম্মদ ওমর ফারুক দেওয়ান। সূত্র: দৈনিক সবুজ।

০৩। দূষণ দুর্নীতি ধর্ষণ বেড়েছে- মোহাম্মদ আবু নোমান। সূত্র: দৈনিক ব্রহ্মপুত্র এক্সপ্রেস।

#

রিদওয়ান/রেজভী/সজিব/২০২৪/১০.৩০ ঘণ্টা।